এসএসসি পরীক্ষার্থীদের বাড়িতে গভীর রাতে ইউএনও

এসএসসি, দাখিল ও সমমান পরীক্ষা উপলক্ষে শিক্ষার্থীদের খোঁজখবর নিতে রাতের আঁধারে তাদের বাড়িতে ছুটে যাচ্ছেন মেহেরপুর সদর উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. খায়রুল ইসলাম। শিক্ষার জন্য নিবেদিত এই প্রশাসনিক কর্মকর্তা শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে ও তাদের প্রস্তুতি নিশ্চিত করতে উপজেলার এক প্রান্ত থেকে আরেক প্রান্তে ছুটে চলেছেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব গ্রহণের পর থেকেই খায়রুল ইসলাম শুধু প্রশাসনিক কাজেই সীমাবদ্ধ থাকেননি, বরং উপজেলায় শিক্ষার মানোন্নয়ন ও সচেতনতা বৃদ্ধিতে বেশ কিছু ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছেন। তারই অংশ হিসেবে তিনি শুরু করেছেন ‘রাত্রিকালীন হোম ভিজিট’ কার্যক্রম।

চলতি বছরের মার্চ মাসের শুরু থেকেই প্রতিদিন রাত ৮টা থেকে গভীর রাত পর্যন্ত তিনি উপজেলার বিভিন্ন এলাকার এসএসসি ও সমমান পরীক্ষার্থীদের বাড়িতে যাচ্ছেন। উদ্দেশ্য একটাই পরীক্ষার্থীদের পড়াশোনায় মনোযোগী করা, তাদের প্রস্তুতি পর্যবেক্ষণ করা এবং অভিভাবকদের সঙ্গে সরাসরি মতবিনিময় করা।

হোম ভিজিটকালে ইউএনও খায়রুল ইসলাম শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন, তাদের পরীক্ষার প্রস্তুতির খোঁজ নেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন। পাশাপাশি অভিভাবকদেরও পরামর্শ দেন কীভাবে সন্তানদের আরও ভালোভাবে পড়াশোনায় মনোযোগী করা যায়। এ ছাড়া পরীক্ষার্থীদের মাঝে প্রয়োজনীয় শিক্ষা উপকরণ ও উপহার সামগ্রী বিতরণ করেন, যা শিক্ষার্থীদের অনুপ্রাণিত করছে।

এই উদ্যোগে অভিভাবকদের মধ্যে স্বস্তি ও সন্তুষ্টি প্রকাশ পেয়েছে। তারা মনে করছেন, একজন প্রশাসনিক কর্মকর্তার এমন ব্যতিক্রমী উদ্যোগ শিক্ষাক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আনবে।

রাত্রিকালীন হোম ভিজিটের সময় ইউএনও খায়রুল ইসলামের সঙ্গে মেহেরপুর সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা মনিরুল ইসলাম, মোমিনপুর বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলামসহ অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে উপজেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগরে অপারেশন ডেভিল হান্টে উপজেলা তাঁতীলীগের সাধারণ সম্পাদক গাউসুল আজমকে (বিজন) (৪৪) গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ ।

গতকাল শনিবার দিবাগত রাতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান এর নের্তৃত্বে সঙ্গীয় এসআই কামরুজ্জান জিয়া, এসআই আশরাফুল ইসলাম, এসআই নাজমুল ইসলাম, এএসআই মনজুরুল ইসলাম সহ সঙ্গীয় ফোর্সসহ মুজিবনগর থানা এলাকায় ডেভিল হান্ট বিশেষ অভিযান ও গ্রেফতারি পরোয়ানা তামিল পরিচালনাকালে মুজিবনগর থানার মামলা নং- ০১,তারিখ-০৬ সেপ্টেম্বর, ২০২৪; ধারা- ১৪৩/৩২৩/৩২৪/৩২৬/৩০৭/৩৪১/৩৮৫/৩৮৬/৩৮৭/৫০৬/১১৪/৩৪ পেনাল কোড ১৮৬০ এর তদন্তে প্রাপ্ত উপজেলার মোনাখালী গ্রামের দক্ষিণপাড়ার আব্দুস সালামের ছেলে উপজেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক গাউসুল আজম (বিজন) (৪৪) এবং গ্রেফতারী পরোয়ানা ভুক্ত ১৭/২৪ এর ০৩ মাসের সাজা প্রাপ্ত আসামী দারিয়াপুর গ্রামের আব্দুল মজিদের ছেলে তরিকুল ইসলাম ওরফে দোয়াত আলীকে(৪৭) নিজ নিজ এলাকা থেকে গ্রেফতার করা হয়।

ঘটনার সত্যতা স্বীকার করে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান বলেন, অপারেশনে ডেভিল হান্টের আওতায় উপজেলা তাঁতী লীগের সাধারণ সম্পাদক এবং সাজা প্রাপ্ত একজনকে গ্রেফতার করা হয়েছে। রবিবার দুপুরে আসামিদেরকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে তিনি আরো বলেন মুজিবনগর থানা এলাকায় অপারেশন ডেভিল হান্টের বিশেষ অভিযান ওয়ারেন্টভূক্ত আসামী গ্রেফতার ও মাদক উদ্ধার অভিযান অব্যাহত আছে।

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা

ঝিনাইদহ সদর উপজেলা বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০ টায় জেলা বিএনপির কার্যালয়ে সদর উপজেলা বিএনপির মতবিনিময়সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। সভাপতিত্ব করেন সদও উপজেলা বিএনপির সভাপতি এ্যাডঃ কামাল আজাদ পান্নু।

মিটিং পরিচালোনা করেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাবেক চেয়ারম্যান আলমগীর হোসেন আলম।

আরো উপস্থিত ছিলেন সদর থানা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি জাহিদুল ইসলাম জর্দার, ঝিনাইদহ জেলা বিএনপির সহ-সভাপতি নজরুল ইসলাম, আলাউদ্দিন আল মামুন, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক প্রভাষক জাহাঙ্গীর হোসেন , প্রচার সম্পাদক এম আক্তার মুকুল, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জিয়াউল ইসলাম ফিরোজ, সহ-সভাপতি বিল্লাল হোসেন, যুগ্মসাধারণ সম্পাদক প্রভাষক আব্দুল খালেক, উপজেলা বিএনপির প্রচার সম্পাদক তৈফিকুর রহমানসহ ঝিনাইদহ সদর ঝিনাইদহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নের সভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, সিনিয়র সহসভাপতি, যুগ্ম সম্পাদক বৃন্দ।

প্রধান অতিথি প্রতিটি ইউনিয়নের সাংগঠনিক কার্যক্রম বৃদ্ধি ও আগামী জাতীয় সংসদ নির্বাচনের প্রস্তুতি নেওয়ার নির্দেশ দেন।

মুজিবনগর উপজেলা যুবলীগের আহ্বায়ক চাদু গ্রেফতার

মুজিবনগরে চাঁদাবাজি মামলায় জেলা আওয়ামী লীগের সদস্য ও মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি দারিয়াপুর পশ্চিমপাড়ার মৃত কুদরত ই খুদা

এর ছেলে কামরুল হাসান চান্দুকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার দিবাগত রাত্রে গোপালপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে খোরশেদ আলমের দায়ের করা চাঁদাবাজি মামলায় তার বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। মঙ্গলবার সকালে তাকে মেহেরপুর কোর্টে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান জানান, ২০২৪ সালের অক্টোবর মাসের একটি চাঁদাবাজি মামলায় তাকে গ্রেফতার করে করে প্রেরণ করা হয়েছে।

জেলা পর্যায়ের বাস্কেট বল টুর্নামেন্টে গাংনী উপজেলা চ্যাম্পিয়ন

তারুণ্যের উৎসব ২০২৫ উপলক্ষে মেহেরপুরে জেলা পর্যায়ের বাস্কেট বল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।
আজ রবিবার (২৬ জানুয়ারি) বিকালে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় বাস্কেট বল গ্রাউন্ডে মেহেরপুর সদর ও গাংনী উপজেলা পর্যায়ের অংশগ্রহণে এই ফাইনাল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। খেলা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

‘এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই’ প্রতিপাদ্যে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা ক্রীড়া সংস্থার আয়োজনে এবং ক্রীড়া পরিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এই প্রতিযোগিতার আয়োজন করা হয়।

ফাইনালে গাংনী উপজেলা বাস্কেটবল দল ৬২-১৬ পয়েন্টের বিশাল ব্যবধানে মেহেরপুর সদর উপজেলা বাস্কেট বল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলায় টূর্ণামেন্টের শ্রেষ্ট খেলোয়ার নির্বাচিত হয়েছেন বিজয়ী দলের খেলোয়ার জাহেদুল ইসলাম

জনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহার সভাপতিত্বে অনুষ্ঠিত ফাইনাল খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রনি আলম নুর।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাদ্দাম হোসেন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মোত্তালেব আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হোসনে মোবারক, উপজেলা বিআরডিবি অফিসার
অনুষ্ঠানের সাবির্ক দায়িত্ব পালন করেন জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, গাংনী উপজেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও জাতীয় ভলিবল দলের সাবেক কোচ আতর আলী।

সমাপনী অনুষ্ঠানের শুরুতে জুলাই আগস্টের ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শাহাদতবরণকারী শহিদদের রূহের মাগফেরাত এবং আহত ছাত্র-জনতার রোগমুক্তি কামনায় প্রার্থনা করা হয়।

পুরস্কার বিতরন শেষে বিজয়ী দল ও খেলোয়াড়দের আন্তরিক অভিনন্দন জানানোর পাশাপাশি আয়োজন সফল করার জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন অতিরিক্ত জেলা প্রশাসক।

এসময় বক্তরা বলেন, পড়ালেখা ছাত্রদের প্রধান কাজ হলেও খেলাধুলা আমাদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য দুটো গঠনে ভুমিকা রাখে। জাতীয় পর্যায়ে এই আয়োজন তরুন সমাজের দেশ গঠনে ভূমিকা রাখবে এবং আমাদের ক্রীড়ামোদী একটা সমাজ গড়ে তুলতে ভূমিকা রাখবে।

রাজশাহীর তানোর উপজেলা পিএফজির কমিটি পূনর্গঠন

রাজশাহীর তানোনে পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি)’র উদ্যোগে ও

দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর এমআইপএস প্রকল্পের সহযোগিতায় পিএফজির সম্মিলিত কার্যক্রম অগ্রগতি পর্যালোচনা ও পরিকল্পনা প্রণয়ন সভা গতকাল শনিবার সকাল সাড়ে ১০টায় তানোর কৃষি কর্মকর্তার কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

পিএফজির সদস্য, সাবেক ইউপি চেয়ারম্যান ও তানোর উপজেলা বিএনপির আহ্বায়ক মোঃ আখেরুজ্জামান হান্ননের সভাপতিত্বে ও এ্যাম্বসেডর মোঃ আব্দুস সালামের সঞ্চালনায় বক্তব্য রাখেন, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ এর এমআইপিএস প্রকল্পের ফিল্ড কোঅর্ডিনেটর মোঃ হেলাল উদ্দিন ।

সভায় জানানো হয়, নিয়মিত কার্যক্রমের অংশ হিসেব মোহনপুর পিএফজির দ্বন্দ্ব নিরশনে কাজ করছে।

সভায় বক্তারা বলেন, পিএফজি উদার অসম্প্রাদায়িক, বহুত্ববাদী সহনশীল, মুক্ত, মানবিক সমাজ ও রাষ্ট্র নির্মাণের লক্ষ্যে গণতান্ত্রিক মূল্যবোধের বিকাশ, সহিংসতা নিরসন, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলরে সহাবস্থান নিশ্চিতকরণ ও ইতিবাচক রাজনৈতিক সংস্কৃতি সমাজ বিনির্মান এবং সম্মিলিত উদ্যোগে সামাজিক সমস্যা নিরসন বিশেষ করে রাজনৈতিক, ধর্মীয় ও জাতিগত সহিংসতা নিরসন এবং স্থানীয় পর্যায়ে শান্তি-সম্প্রীতি ও সহাবস্থান নিশ্চিতকরণে কাজ করে যাচ্ছে।

আলোচনা শেষে তানোর মহিলা কলেজের সহকারী অধ্যাপক মোঃ মাহমুদুল আলম মাসুদ কে কো-অর্ডিনেটর ও কলেজ শিক্ষক মোঃ আব্দুস ছামাদ, জাতীয় পার্টি সভাপতি মোঃ শামসুদ্দিন মন্ডল, বিএনপির সভাপতি মোঃ জাহিদুল ইসলাম এবং তানোর উপজেলা মহিলা আওয়ামী লীগের সভাপতি মোছাঃ সোনিয়া সর্দার কে এম্বাসিডর করে তানোর পিএফজি গঠনতন্ত্র অনুযায়ী পুনর্গঠন করা হয়েছে।

পরিকল্পনা সভায় বক্তব্য রাখেন, তানোর মহিলা কলেজের সহকারী অধ্যাপক ও পিএফজির কো-অর্ডিনেটর মাসুদুল আলম মাসুদ, মোহনপুর পিএফজির কো-অর্ডিনেটর আব্দুল আলিম শেখ, জাতীয় পার্টির তানোর উপজেলার সভাপতি ও পিস এ্যম্বাসিডর মোঃ শামসুদ্দিন মন্ডল, জাতীয়তা বাদী দলের সভাপতি ও পিস এ্যম্বাসিডর মোঃ জাহিদুল ইসলাম।

আলোচনা শেষে জানুয়ারী থেকে মার্চ, ২০২৫ তিন মাসের পরিকল্পনা করে সভাপতির সমাপনি বক্তব্যর মধ্য দিয়ে ফলোআপ সভা শেষ হয়েছে।

মুজিবনগরে উপজেলা বিএনপির কর্মী সমাবেশ

বিএনপির কেন্দ্র ঘোষিত প্রতিক্রিয়ায় দলের পূর্ণগঠন, জাতীয় ও স্থানীয় পর্যায়ের সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে মুজিবনগর উপজেলা বিএনপির কর্মী সমাবেশর আয়োজন করা হয় ।

বৃহস্পতিবার (২৩ শে জানুয়ারি) চারটার দিকে মুজিবনগর উপজেলা বিএনপির আয়োজনে কেদারগঞ্জ বাজার এই কর্মী সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন। তিনি বলেন, আপনারা দীর্ঘ ১৭টি বছর লড়াই সংগ্রাম করেছেন। একটি স্বৈরাচারের বিরুদ্ধে লড়াই সংগ্রাম করেছেন। একটি ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াই সংগ্রাম করেছেন। নিজের জীবন উৎসর্গ করেছেন, জীবন দিয়েছেন, রক্ত দিয়েছেন, সেই সংগ্রাম থেকে উত্তীর্ণ হয়ে আপনারা নতুন বাংলাদেশের প্রবেশ করেছেন।

এ সময় তিনি আরো বলেন আজকে মুজিবনগর উপজেলার অন্তর্গত যেসব ইউনিয়ন, ওয়ার্ড কমিটি গুলো আছে সেই সব কমিটিকে আমি এই মুহূর্তে বিলুপ্ত ঘোষণা করলাম।

কর্মী সমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। তিনি বলেন, গত বুধবারে উনি যে কথাটা বলেছেন খুবই আপত্তিকর কথা। উনি বলেছেন তিন টাকার কমিটি, তিন টাকার কমিটি মানে উনি তারেক রহমানকে অবজ্ঞ করা হয়েছে। তারেক রহমানকে অবজ্ঞা করলে আমরা তাকে কেউ ছাড়বো না।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ন আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক, আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, মীর ফারুক, ওমর ফারুক

লিটন, জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি রেজাউল হক, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপুসহ বিএনপির নেতা কর্মী উপস্থিত ছিলেন।

জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম বলেন, আমরা শহীদ জিয়ার আদর্শের মানুষ। আমরা পিছ পা হতে জানিনি সেই কারনে আগামী দিনে যদি কমেটি নিয়ে কোনো বাজে কথা বলা হয় আপনি কালকে কমিটি ভেঙে নিয়ে আসবেন মুজিবনগরের মানুষ আপনার নেতৃত্বে বিএনপি করবে । আপনি আগামী দিনে মনোনয়ন নিয়ে আসবেন আমরা আপনাকে নির্বাচন করে পার্লামেন্টে পাঠাবো। এই পর্যন্ত অপেক্ষা করেন তার আগে বিভ্রান্ত কর কোন কথা বলবেন না। তার আগে কোন অরুচিশীল কথা বলবেন না। বিএনপিকে খাটো করে দেখবেন না এটাই আমি মুজিবনগরের কর্মীসভা থেকে আহ্বান করে জানাচ্ছি।

মুজিবনগর উপজেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠান সঞ্চালনা করেন মুজিবনগর উপজেলার যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম।

বিএনপি টিকে থাকলে কেউ দেশ দখল করতে পারবে না- শামসুজ্জামান দুদু

বিএনপির ভাইস চেয়ারম্যান শামসুজ্জামান দুদু বলেছেন, নিজেকে নির্বাচিত এমপি দাবি করে সে আমার কাছেও হাটছে, আমার পরে যারা এসে দাঁড়াইছে তাদের কাছেও হাটছে। তারা হাটছে কেনো চুরি করার জন্য। মানুষের ক্ষতি, লুটপাট করার জন্য। বিএনপি লুটপাটকারী দল না। বিএনপি চাঁদাবাজি দল না। বিএনপি গণমানুষের দল।

শনিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার হাজী মোড় এলাকায় উপজেলা বিএনপির নেতাকর্মীদের সঙ্গে মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, তারেক রহমান বলেছে বিএনপির নাম ভাঙ্গিয়ে যারা চাঁদাবাজি, দখলবাজি করে তাদের ধরে পুলিশে তুলে দেন। এরা বিএনপি করে না। বিএনপি জিয়াউর রহমান প্রতিষ্ঠা করেছেন, খালেদা জিয়া এগিয়ে নিয়ে গেছেন। তারেক রহমান গত ১৮ বছর রক্ষা করেছেন। এখন অনেকে নিজেকে বিএনপি দাবি করছে। বাংলাদেশকে রক্ষা করার জন্য কোন রাজনৈতিক দল নিজের জিবন বিপন্ন করে থাকে সে দলের নাম ‘বিএনপি’। বিএনপি যদি দাড়িয়ে থাকে, টিকে থাকে তাহলে বাংলাদেশকে কেউ দখল করতে পারবে না।

শামসুজ্জামান দুদু বলেন, বেগম খালেদা জিয়াকে আল্লাহ রক্ষা করেছে। প্রধানমন্ত্রী দাবিদার (শেখ হাসিনা) আরেক প্রধানমন্ত্রী (খালেদা জিয়া) মরে কেন। এত অশ্লীল নিম্নমানের মানুষ তাকে তাড়ানো ছাড়া পথ ছিল না। এখন আসল জায়গায় পড়েছে। কেউ কেউ বলে তিনি শশুর বাড়ি গেছেন। আওয়ামীলীগের আর কোন ভবিষ্যৎ নেই।

আলমডাঙ্গা উপজেলা বিএনপির সাবেক সভাপতি শহিদুল কাওনাইন টিলুর সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা জেলা বিএনপির সাবেক আহবায়ক কমিটির সদস্য এ্যাড. ওয়াহেদুজ্জামান বুলা, জেহালা ইউপির চেয়ারম্যান ও উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসিরুল ইসলাম সেলিম।

এছাড়া আরও উপস্থিত ছিলেন জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি আশরাফ বিশ্বাস মিল্টু, কেন্দ্রীয় কৃষকদল নেতা আবু জাফর, এ্যাড. শামিম রেজা ডালিম ও উপজেলা যুবদল, স্বেচ্ছাসেবকদল ও ছাত্রদলের নেতৃবৃন্দ।

দামুড়হুদায় উপজেলা সমন্বয়

কমিটির সভা

দামুড়হুদায় ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০২৫ উপজেলা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৬ ই জানুয়ারি) উপজেলা প্রশাসন ও উপজেলা নির্বাচন কার্যালয়ের যৌথ আয়োজনে পরিষদের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মমতাজ মহলের সভাপতিত্বে উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ হুমায়ুন কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, আনসার ভিডিপি কর্মকর্তা মোহাম্মদ সাজিদ, উপজেলা নির্বাচন কর্মকর্তা নূর উল্লাহ, সহকারী নির্বাচন কর্মকর্তা ইমরান খান, মাধ্যমিক একাডেমিক সুপারভাইজার রাফিজুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটুদহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি, হাউলী ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, কুড়ালগাছি ইউপি চেয়ারম্যান কামাল উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, দামুড়হুদা দাখিল মাদ্রাসার সুপার (ভারপ্রাপ্ত) মহসিন আলী, বীর মুক্তিযোদ্ধা রেজাউল হক, উপজেলা ইমাম সমিতির সভাপতি বনি ইয়ামিন, দামুড়হুদা সদর ইউপির সংরক্ষিত নারী সদস্য হাসিনা খাতুন,উপজেলা নির্বাচন অফিসের ডাটা এন্ট্রি অপারেটর মারুফ বিল্লাহ,নাহিদ হাসান প্রমূখ।

সভায় উপস্থিত বক্তরা বলেন ভোটার হালনাগাদ কার্যক্রম একটা গণতান্ত্রিক দেশের গুরুত্বপূর্ণ বিষয় এবং প্রতিটি নাগরিকের সাংবিধানিক অধিকার, ভোটার হওয়ার যোগ্যতা রাখে এমন কোন নাগরিক যেন বাদ না যায় সেদিকে যথেষ্ট গুরুত্ব দিতে হবে।

ভোটার হতে ইচ্ছুক নাগরিকদের তথ্য নেওয়ার সময় গুরুত্ব দিয়ে তথ্য লিপিবদ্ধ করতে হবে যেন শব্দের বানানসহ আনুষঙ্গিক তথ্য ভুল না হয়। দামড়হুদা উপজেলা একটা সীমান্তবর্তী এলাকা এখানে সীমান্ত ঘেঁষে বাংলাদেশের অনেকের বৈবাহিক সুত্রসহ আত্মীয়তার সম্পর্ক রয়েছে এই সুযোগে যথাযথ নিয়ম না মেনে যদি কেউ ভোটার হতে চাই এবং বাংলাদেশে অবস্থানরত বিরজমান সমস্যা রোহিঙ্গারা যাতে ভোটার না হতে পারে সেদিকে সতর্ক থাকতে হবে।

ভোটার হালনাগাদ কার্যক্রমে ভোটার হওয়ার যোগ্যতা রাখে এমন

ব্যক্তিদের সম্পৃক্ত করতে ব্যাপক প্রচার প্রচারণা চালাতে হবে এজন্য ইউনিয়ন ভিত্তিক মাইকিন করা, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার চালানো এবং প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় ইমাম সাহেবের মাধ্যমে প্রচার প্রচারণা চালানোর ব্যবস্থা করতে হবে। ধর্মীয় সংখ্যালঘুদের কেউ যেন ভোটার হতে বাদ না পড়ে সে বিষয়ে যথাযথ গুরুত্ব দিতে হবে।

মুজিবনগরে উপজেলা জামায়াতে ইসলামীর মিছিল ও সমাবেশ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখার মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। শনিবার (১১ জানুয়ারি) বিকাল ৪ ঘটিকার সময় কেদারগঞ্জ এমবিআর মার্কেট হতে কেদারগঞ্জ চার রাস্তার মোড় ও বল্লভপুর রোড হয়ে কেদারগঞ্জ বাজারের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে চার রাস্তার মোড়ে সমাবেশ অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা আমীর মাওলানা খান জাহান আলীর সভাপতিত্বে সমাবেশটি পরিচালনা করেন মুজিবনগর উপজেলা জামায়াতের সেক্রেটারী খাইরুল বাসার। প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমীর মাওলানা তাজউদ্দিন খান বক্তব্যে বলেন, এদেশ কোন দলের নয় জাতীয় পার্টি বিএনপি আওয়ামী লীগ জামাতে ইসলামীর নয়। এদেশ মুসলিম হিন্দু খ্রিস্টান কারো ভাগের নয়। এ দেশ ১৮ কোটি জনগণের এ দেশকে উন্নয়ন করতে হলে ১৮ কোটি মানুষের ৩৬ কোটি হাতকে কাজে লাগিয়ে উন্নয়ন ঘটানো হবে। বিভেদ সৃষ্টি করা হবে না স্বাধীনতার পক্ষ বিপক্ষ বলে অন্যায়কারীদের চিহ্নিত করা হবে। এই লোকগুলো অন্যায়কারী তাদেরকে যাতে মানুষ ঘৃণা করে নেই ইনসাফ প্রতিষ্ঠা করে তার বদলা নেওয়া হবে।

বিশেষ মেহমান হিসেবে বক্তব্য রাখেন জেলা জামাতের বাইতুলমাল সেক্রেটারি জারজিস হুসেইন, মেহেরপুর সদর জামাতের আমির মাওলানা সোহেল রানা, মেহেরপুর পৌর জামাতের আমির সোহেল রানা ডলার।

আরো বক্তব্য রাখেন আরো বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা

জামায়াতের নায়েবে আমির মাওলানা ফিরাতুল ইসলাম নাঈম। সমাবেশে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা জামাতের সহকারি সেক্রেটারি জনাব মোস্তাফিজুর রহমান, মুজিবনগর উপজেলা শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি ফজলুল হক গাজী, উপজেলা পেশাজীবী বিভাগের সেক্রেটারি মোশারফ হোসেন, উপজেলা বাইতুলমাল সেক্রেটারি আমির হোসেন, উপজেলা সমাজ কল্যাণ সেক্রেটারি আমিনুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন জামাতের আমির আব্দুল হালিম, মনাখালী ইউনিয়ন আমির মোখলেসুর রহমান, বাগওয়ান ইউনিয়ন আমির মাওলানা ফারুক হোসেন, মহাজনপুর ইউনিয়ন আমির আব্দুল হামিদ প্রমূখ।